# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭২৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ এই ব্যক্তি যে দন্ডনীয় কাজ করেছিলেন, সেটা এমন ছিল না যা দন্ড বিধানকে অবধারিত করে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْحَدَّ الَّذِي أَتَى هَذَا السَّائِلُ لَمْ يَكُنْ بِمَعْصِيَةٍ تُوجِبُ الْحَدَّ

আরবী

1725 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ سِمَاكٍ عَنْ إِبْرَاهِيمَ النَّخَعِيِّ عَنْ عَلْقَمَةَ وَالْأَسْوَدِ عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: إِنِّي أَخَذْتُ امْرَأَةً فِي الْبُسْتَانِ فَأَصَبْتُ مِنْهَا كُلَّ شَيْءٍ إِلَّا أَنِّي لَمْ أَنْكِحْهَا فَافْعَلْ بِي مَا شِئْتَ فَلَمْ يَقُلْ له شيئاً ثم دعاه فقرأ هَذِهِ الْآيَةَ: {أَقِمِ الصَّلَاةَ طَرَفَيِ النَّهَارِ وَزُلَفًا مِنَ اللَّيْلِ إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّئَاتِ} [هود: 114].
الراوي : ابْنِ مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1725 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2353).
قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: الْعَرَبُ تَذْكُرُ الشَّيْءَ إِذَا احْتَوَى اسْمُهُ عَلَى أَجْزَاءٍ وشُعَبٍ فَتَذْكُرُ جُزْءًا مِنْ تِلْكَ الْأَجْزَاءِ بِاسْمِ ذَلِكَ الشَّيْءِ نَفْسِهِ فَلَمَّا كَانَتِ الْمَحْظُورَاتُ كُلُّهَا مِمَّا نُهِيَ الْمَرْءُ عَنِ ارْتِكَابِهَا وَاشْتَمَلَ عَلَيْهَا كُلَّهَا اسْمُ الْمَعْصِيَةِ وَكَانَ الزِّنَى مِنْهَا يُوجِبُ الْحَدَّ عَلَى مُرْتَكِبِهَا وَلَهَا أَسَبَابٌ يُتَسَلَّقُ مِنْهَا إِلَيْهِ أُطلق اسْمُ كُلِّيَّتِهِ عَلَى سَبَبِهِ الَّذِي هُوَ الْقُبْلَةُ
وَاللَّمْسُ دُونَ الْجِمَاعِ.

বাংলা

১৭২৫. আব্দুল্লাহ বিন মাস‘ঊদ  রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বলেন, “আমি বাগানে এক নারীকে জড়িয়ে ধরি, অতঃপর তার সাথে সহবাস ব্যতীত সবকিছু করি। কাজেই আপনি আমার ব্যাপারে যা ইচ্ছা করুন।” কিন্তু রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম তাকে কিছুই বললেন না। তারপর তিনি ঐ ব্যক্তিকে ডাকেন এবং তাকে এই আয়াত পাঠ করে শুনান: أَقِمِ الصَّلَاةَ طَرَفَيِ النَّهَارِ وَزُلَفًا مِنَ اللَّيْلِ إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّئَاتِ ("সালাত প্রতিষ্ঠা করুন দিনের দু'প্রান্তে এবং রাতের প্রথমাংশে। নিশ্চয়ই পুণ্যসমূহ মন্দকর্মকে মিটিয়ে দেয়।"– সূরা হুদ: ১১৪)[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আরবরা কোন কোন সময় কোন জিনিসের উল্লেখ করেন, যার নাম অনেক শাখা-প্রশাখা ও অংশকে অন্তর্ভুক্ত করে। তারপর তারা সেসব অংশের মধ্যে একটি অংশের ক্ষেত্রে পুরো জিনিসের নাম ব্যবহার করেন। যেহেতু সমস্ত নিষিদ্ধ কাজ মানুষকে সম্পাদন করতে নিষেধ করা হয়েছে এবং সব নিষিদ্ধ কাজের ব্যাপারে মা'সিয়াত বা পাপ নাম প্রযোজ্য হয়। তন্মধ্যে ব্যভিচার এমন একটি পাপ,যা দন্ডবিধানকে আবশ্যক করে। আর এই পাপের অনেক উপকরণ রয়েছে, যা ক্রমান্বয়ে ব্যভিচার পর্যন্ত পৌঁছে দেয়। কাজেই এখানে ব্যভিচারের উপকরণ যেমন চুম্বন করা, স্পর্শ করা প্রভৃতির ক্ষেত্রে পুরো নাম ব্যবহার করা হয়েছে।"

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ২৮৫; সহীহ মুসলিম: ২৭৬৩; আবূ দাঊদ: ৪৪৬৮; তিরমিযী: ৩১১২; সুনান বাইহাকী: ৮/২৪১; তাবারানী: ১০৪৮২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল : ২৩৫৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90941

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন